# ২৭/১০/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কৃষি ও সেচ বিষয়ক কমিটির সভার কার্যবিবরনী

অধিবেশন নং -

স্থান- ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর এর কার্যালয়।

তারিখ- ২৭/১০/২০২১ ইং

সময় ঃ সকাল- ১১.৩০ ঘটিকা

| ক্রঃ নং | নাম ও পদবী | পদবী | স্বাক্ষরিত |
|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, ১নং মুকুন্দপুর ইউপি | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | চেয়ারম্যান, ৬নং জোতবানী ইউপি | সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | চেয়ারম্যান, ৫নং বিনাইল ইউপি | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | নিকছন চন্দ্র পাল, উপজেলা কৃষি অফিসার, বিরামপুর | সদস্য সচিব | স্বাক্ষরিত |

আলোচ্য বিষয় সমূহঃ-

১। খরিপ-২/২০২১-২২ মৌসুমে রোপা আমন আবাদ ও উৎপাদন।
২। লিফলেট তৈরী প্রকল্প (কৃষক সচেতনতা বিষয়ক)।
৩। বিবিধ।

অদ্যকার সভা নিম্ন স্বাক্ষরকারীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং উপজেলা কৃষি অফিসার বিরামপুরকে আলোচ্য বিষয় সমুহ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

১নং খরিপ-২/২০২১-২২ মৌসুমে রোপা আমন আবাদ ও উৎপাদন

উপজেলা কৃষি অফিসার, সভাকে অবহিত করেন যে, খরিপ-২/২০২১-২২ মৌসুমে অত্র উপজেলায় ১৭৪৪৫ হে. রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৭৪৪৫ হে. জমিতে আবাদ হয়েছে। বর্তমানে ফসলের অবস্থা ভালো। আবহাওয়া অনুকুলে থাকলে ৭৮৯০৮ মে.টন ধান উৎপাদন হবে বলে আশা করা যায়।

২নং লিফলেট তৈরী প্রকল্প (কৃষক সচেতনতা বিষয়ক)

উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, খরিপ-২/২০২১-২২ মৌসুমে রোপা আমন আবাদ ও উৎপাদন নির্বিঘ্নে করার জন্য চাষীদের উদ্বুদ্ধকরন করা হচ্ছে। এ বিষয়ে উপজেলা পরিষদ বিরামপুর, দিনাজপুর হতে "কৃষকদের সচেতনতা বিষয়ক" ২০০০০ হাজারটি লিফলেট তৈরী করা জরুরী প্রয়োজন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কৃষকদের সচেতনতা বিষয়ক লিফলেট তৈরী প্রকল্পটি অনুমোদন করা হয় এবং প্রকল্পটি উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুরে অনুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত হয়।

৩নং বিবিধ আলোচনা-

উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, খরিপ-২/২০২১-২২ মৌসুমে কৃষি উপকরনাদি (বীজ ও সার) প্রাপ্তির, সরবরাহ ও মূল্য স্বাভাবিক রয়েছে। ডিএপি সারের মূল্য প্রতি কেজি ২৫/- টাকার স্থলে ১৬/- টাকা পূর্ণ নির্ধারণ করা হয়েছে। ফলে ডিএপি সারের ব্যবহার বৃদ্ধি পেয়েছে। বীজ ও সারের মনিটরিং জোরদার করা হয়েছে।

অতপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ সমাপ্ত ঘোষনা করা হয়।

মো: মোস্তাফিজুল ইসলাম
সভাপতি
উপজেলা পরিষদ কৃষি ও সেচ বিষয়ক কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

স্মারক নং-১২.১৮.২৭১০.০৪১.৯৯.০১৮.১৮. (৬) তারিখ- ২৭/১০/২০২১ খ্রি.

অনুলিপি-সদয় অবগতির জন্যঃ

১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
২) উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য সচিব, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
৩) উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি, বিরামপুর, দিনাজপুর।
৪-৬) চেয়ারম্যান ....................................ইউপি, বিরামপুর, দিনাজপুর।